তারিখ 23 MAR 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# ঢাবিতে নতুন স্বর্ণপদক প্রবর্তন

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে 'লায়ন মো. জুনাব আলী ও ফারজানা জুনাব স্বর্ণপদক' প্রবর্তন করা হয়েছে। স্বর্ণপদক প্রবর্তনে ইমরান গ্রুপের চেয়ারম্যান লায়ন মো. জুনাব আলী ১০ লাখ টাকার একটি চেক গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দিনের কাছে হস্তান্তর করেছেন।

উপাচার্য দপ্তরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ঢাবির অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল ইউনিভার্সিটির উপ-প্রকল্প পরিচালক ডা. রেহেনা আকতার এবং দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।